গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫২.১৯-

তাং----------------------/১৪২৬
/২০২০

বর্তমান ঠিকানাঃ

প্রতি ঃ

১। জনাব খালেদা খানম
পিতা- মোঃ মোবারক উল্যা
নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ,
নার্সিং ইনস্টিটিউট, নোয়াখালী।

স্থায়ী ঠিকানাঃ

১। জনাব খালেদা খানম
পিতা- মোঃ মোবারক উল্যা
নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নোয়াখালী।
গ্রাম ঃ বগাদিয়া, পোষ্টঃ সোনাইমুড়ি,
থানা ও জেলা ঃ নোয়াখালী

বিষয় ঃ জনাব খালেদা খানম (পিতা-মোঃ মোবারক উল্যা), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, নোয়াখালী এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুসারে আনীত অভিযোগনামা।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব খালেদা খানম (পিতা-মোঃ মোবারক উল্যা), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, নোয়াখালী এর বিরুদ্ধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর ২১/০৮/২০১৯ খ্রিঃ তারিখের ৫৯.০০.০০০০.২৭.০১.২০১৯-১৬২ সংখ্যক স্মারকে প্রেরিত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনা কর্তৃক ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ০২(দুই) জন শিক্ষার্থীর রেজাল্টসিট এবং প্রবেশপত্রে নাম ভিন্নতর হওয়ার পরও তথ্য উপাত্ত যাচাই বাছাই না করে [(১) প্রবেশপত্র ও ফলাফল অনুয়ায়ী ভর্তিকৃত শিক্ষার্থীর নাম ঃ মোছাঃ মুনিয়া পারভীন,রোল নং-৩৩৪২৭১,ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াফারি, রেজাল্টসিটের মোসাঃ তহুরা খাতুন এর স্থলে ভর্তি করা হয়েছে,(২) ভর্তিকৃত শিক্ষার্থীর নাম বেবী আক্তার, পিতা ঃ বাবুল হোসেন, রোল নম্বর- ৭৩৩২৬৮, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি, রেজাল্টে নাম মোছাঃ রেশমা বানু] ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া সত্বেও ভর্তি করা হয়েছে। আপনা কর্তৃক এহেনভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া সত্বেও ০২(দুই) জন প্রার্থীকে অবৈধভাবে ভর্তি করে দুর্নীতি মূলক কাজ করা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ সালের বিধি ৩(ঘ) ধারা মোতাবেক দুর্নীতির আওতাভুক্ত অপরাধ।

সেহেতু, আপনি জনাব খালেদা খানম (পিতা-মোঃ মোবারক উল্যা), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, নোয়াখালী দুর্নীতির দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ সালের বিধি ৩(ঘ) মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধিমালা ৪(৩)(ঘ) ধারা মোতাবেক সরকারী চাকুরী থেকে আপনাকে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না এ বিধির ৭(খ) ধারা মোতাবেক এ অভিযোগ পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনার লিখিত জবাব প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি ব্যক্তিগত সাক্ষাতে কিছু বলতে চান কিনা বা এ বিভাগীয় মামলায় আপনার পক্ষ সমর্থনে কোন সাক্ষ্য উপস্থাপন করতে চান কিনা তা বর্ণিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রনয়ণ করা হয়েছে সেই অভিযোগ বিবরণী অনুলিপি এ পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।

(আলম আরা বেগম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫২.১৯-৪৮/২(১০)

তারিখ ঃ ১৯/১০/১৪২৬
02/02/২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, চিকিৎসা ও শিক্ষা)।
২। উপ-সচিব(নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। পরিচালক (শৃঙ্খলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৫। সিভিল সার্জন, নোয়াখালী।
৬। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিস্ট জেনারেল হাসপাতাল, নোয়াখালী।
৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নোয়াখালী।
৮। জেলা পাবলিক হেল্‌থ নার্স, সিভিল সার্জন অফিস, নোয়াখালী।
৯। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১০। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)

মহাপরিচালকের পক্ষে 2/2/2020

## অভিযোগনামা

জনাব খালেদা খানম (পিতা-মোঃ মোবারক উল্যা), নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, নোয়াখালী এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ০২(দুই) জন শিক্ষার্থীর রেজাল্টসিট এবং প্রবেশপত্রে নাম ভিন্নতর হওয়ার পর ও তথ্য উপাত্ত যাচাই বাছাই না করে [(১) প্রবেশপত্র ও ফলাফল অনুযায়ী ভর্তিকৃত শিক্ষার্থীর নাম ঃ মোছাঃ মুনিয়া পারভীন,রোল নং-৩৩৪২৭১,ডিপ্লোমা ইননার্সিং সায়েন্স এন্ড মিডওয়াফিরি, রোজাল্টসিটের মোসাঃ তহুরা খাতুন এর স্থলে ভর্তি করা হয়েছে,(২) ভর্তিকৃত শিক্ষার্থীর নাম বেবী আক্তার, পিতা ঃ বাবুল হোসেন, রোল নম্বর- ৭৩৩২৬৮, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি, রেজাল্টে নাম মোছাঃ রেশমা বানু, ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া সত্বেও] ভর্তি করা হয়েছে। পরবর্তীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন অনুযায়ী এ অধিদপ্তরের স্মারক ১৯/০৯/২০১৯ খ্রিঃ তারিখের ৩৭২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে কৈফিয়ত তলব করা হয়। কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক নয়। তার কর্তৃক এহেনভাবে অনিয়মভাবে শিক্ষার্থী ভর্তি করার দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ সালের বিধি ৩(ঘ) ধারা মোতাবেক তার দুর্নীতির আওতাভুক্ত অপরাধ।

২/২/২০২০

(আলম আরা বেগম)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪